

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন কার্যনির্বাহী কমিটি

সভা নম্বর: ০৪ (১/২০২৪), তারিখ: ০২/০২/২০২৪, শুক্রবার, রাত ০৮:০০ ঘটিকা

স্থান: অনলাইন জুম মিটিং রুম

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সম্মানিত সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহ-সভাপতি ও পাকশী ইউনিয়ন পরিষদের সুযোগ্য চেয়ারম্যান জনাব মো. সাইফুজ্জামান পিন্টু এর সভাপতিত্বে গত ০২ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সম্মানিত সভাপতি জনাব আমিন-উল আহসান কামালের সাময়িক অনুপস্থিতির বিষয়টি সকল সদস্যকে অবহিত করেন। অতঃপর তিনি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. মো. আব্দুর রাজ্জাককে এজেন্ডা অনুযায়ী সভাটি পরিচালনার দায়িত্ব দেন।

আলোচ্যসূচী:

- ১। তৃতীয় সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা ও অনুসমর্থন।
- ২। ছাত্রবৃত্তি প্রদানের জন্য পরিকল্পনা গ্রহণ।
- ৩। হিলু ভাই কে চিকিৎসা সহায়তা প্রদান প্রসঙ্গে আলোচনা।
- ৪। ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার আয়োজন।
- ৫। স্কুল প্রাঙ্গণে চক্ষুশিবির আয়োজন।
- ৬। সমাজসেবা অধিদপ্তরে অ্যাসোসিয়েশন এর রেজিস্ট্রেশন।
- ৭। বিবিধ

উপরোক্ত আলোচ্যসূচীর আলোকে সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশ গ্রহণ করেন এবং তাঁদের সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়

আলোচ্যসূচী	সিদ্ধান্ত সমূহ
১। তৃতীয় সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা ও অনুসমর্থন।	<p>কার্যনির্বাহী কমিটির তৃতীয় সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ কোন পরিবর্তন ছাড়াই অনুসমর্থন করা হয়।</p> <p>(ক) ত্রি-বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন কমিটির সম্মানিত আহবায়ক জনাব আলী আশরাফুজ্জামান বাপ্পী কে আগামী ০৫ ফেব্রুয়ারী ২০২৪ এর মধ্যে আলোচিত দিক নির্দেশনা অনুযায়ী প্রথম ড্রাফট শেয়ার করার জন্য অনুরোধ করা হয়।</p> <p>(খ) সাহিত্য ও প্রকাশনা সম্পাদক জনাব আবুল বাশার নান্নু কে আগামী ১৫ ফেব্রুয়ারী ২০২৪ এর মধ্যে সোস্যাল মিডিয়া ও ওয়েবসাইটে তথ্য প্রচার ও প্রকাশের নীতিমালার চূড়ান্ত কপি শেয়ার করার জন্য অনুরোধ করা হয়।</p> <p>(গ) কার্যনির্বাহী কমিটির সকল সদস্যের এবং সাধারণ সদস্যদের সদস্যপদ নবায়ন করার কার্যক্রম জোরদার করার নিমিত্তে নিম্নলিখিত ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়:</p> <ol style="list-style-type: none">জনাব আকতার আহমেদ বিপ্লব (১৯৮৬), আহবায়কজনাব মোঃ আনিসুর রহমান (১৯৯১), সদস্যজনাব মোঃ আমিনুর রহমান মিলন (১৯৯৫), সদস্যজনাব মিল্লি মোঃ মাহফুজুল করিম (১৯৯৪), সদস্য-সচিব
২। ছাত্রবৃত্তি প্রদানের জন্য পরিকল্পনা গ্রহণ।	<p>বিস্তারিত আলোচনা শেষে ২০২৩ সালের ফলাফলের উপর ভিত্তি করে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত মোট ০৫ (পাঁচ) জন ছাত্র ও ০৫ (পাঁচ) জন ছাত্রীর প্রত্যেককে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে মেধাবৃত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনীয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ ও সম্মানিত সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ছবি (১৯৮৭) -এর নিকট হতে সংগ্রহ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
৩। হিলু ভাই কে চিকিৎসা সহায়তা প্রদান প্রসঙ্গে আলোচনা।	<p>১৯৮৬ ব্যাচের প্রিয় প্রাক্তনী জনাব ফিরোজ ইফতেখার উদ্দীন (হিলু) ভাই এর দুরারোগ্য জটিল রোগের চিকিৎসার সাহায্যার্থে সকল সদস্যের কাছে উদাত্ত আহবান জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে নির্বাহী কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মোঃ আনিসুর রহমান -কে হিলু ভাইয়ের ব্যাংক একাউন্ট, বিকাশ নম্বর ও যোগাযোগের ঠিকানা সহ সোস্যাল মিডিয়া ও অন্যান্য মাধ্যমে প্রচার করতে অনুরোধ করা হয়।</p>

৪। ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার আয়োজন।	ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার আয়োজনের বিষয়ে সাংগঠনিক সম্পাদক, মিঞা মোঃ মাহফুজুর রহমান (মাহফুজ) কে দায়িত্ব প্রদান করা হয়। মার্চ-২০২৪ এর মধ্যে ঢাকা -তে একটি ভেন্যু নির্বাচন করে সেমিনার আয়োজনের লক্ষ্যে এ সংক্রান্ত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হয়।
৫। স্কুল প্রাঙ্গণে চক্ষুশিবির আয়োজন।	যুগ্ম সাধারণ সম্পাদক, মোঃ আজিম উল আহসান (তমাল) এর সহযোগিতায় বিদ্যালয় প্রাঙ্গণে ফেব্রুয়ারী-২০২৪ এর মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সাংস্কৃতিক সম্পাদক জনাব মোঃ মাসুদ রানা -কে এ বিষয়ে সার্বিক উদ্যোগ গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করা হয়।
৬। সমাজসেবা অধিদপ্তরে অ্যাসোসিয়েশন এর রেজিস্ট্রেশন।	ইতোপূর্বে আবেদনকৃত ফাইলটি বর্তমানে কি অবস্থায় আছে তা পাবনা জেলার সমাজসেবা অধিদপ্তর অফিসে খোঁজ নেওয়া এবং রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করতে নির্বাহী কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মোঃ আনিসুর রহমান -কে দায়িত্ব প্রদান করা হয়।
৭। বিবিধ	অন্য কোন আলোচনার বিষয় উত্থাপিত না হওয়ায় প্রথমে সাধারণ সম্পাদক ও সবশেষে আজকের সভার সম্মানিত সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কার্যসূচি সমাপ্ত করেন।

প্রস্তুত করণ ও নিরিক্ষণে



ড. মো. আব্দুর রাজ্জাক
সাধারণসম্পাদক

অনুমোদনক্রমে,



মো. সাইফুজ্জামান পিন্টু
সিনিয়র সহ-সভাপতি